



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৮ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

পৌরকর বাবদ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ৬০ লক্ষ টাকা পরিশোধ করল চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া ও হালনাগাদ পৌরকর থেকে ৬০ লক্ষ টাকা পরিশোধ করল চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল। ৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ উল্লেখিত পৌরকরের টাকার ১টি চেক চসিককে হস্তান্তর করে। পরে উক্ত চেকটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর হাতে হস্তান্তর করেন। এসময় কর কর্মকর্তা মো.কামরুল ইসলাম চৌধুরী, উপ কর কর্মকর্তা আহম্মদ খান, রূপন চৌধুরী ও নাসির উদ্দিন চৌধুরী সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৮ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

১৫ ফেব্রুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি ১১ দিন ব্যাপী

একুশে বই মেলা আয়োজন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে সৃজনশীল প্রকাশক পরিষদের অংশগ্রহণ ও সহযোগিতায় আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. থেকে ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. পর্যন্ত ১১ দিন ব্যাপী নগরীর মুসলিম ইনস্টিটিউট হল চত্বরে একুশে বই মেলা অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে গত ৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহার দপ্তরে বই মেলা আয়োজন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর নাজমুল হক ডিউক। এতে উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, উপসচিব আশেক রসুল চৌধুরী, সৃজনশীল প্রকাশক পরিষদের সভাপতি মহিউদ্দিন শাহ আলম নিপু, সাধারণ সম্পাদক জামাল উদ্দিন, মো. সামসুল হক, ফারুক হাসান, গোফরান উদ্দিন টিটু, মিজানুর রহমান শামীম, শিপন, মো. আলমগীর সহ সংশ্লিষ্টরা। মতবিনিময় সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা বই মেলাকে সুশৃংখল ও স্বার্থক ভাবে সফল করার জন্য সৃজনশীল প্রকাশক পরিষদ ও বই মেলায় অংশগ্রহণকারীদের প্রতি আহ্বান জানান। এবারের বই মেলায় প্রতিদিন কবিতা ও ছড়া পাঠের আসর, নতুন বই এর মোড়ক উন্মোচন, লেখক আড্ডা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনা সভাসহ নানা বিষয়ে আয়োজন থাকবে। বই মেলায় ৬০ টি প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করবে বলে সৃজনশীল প্রকাশক পরিষদের পক্ষ থেকে জানানো হয়।

চট্টগ্রাম- ০৮ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**১০ ফেব্রুয়ারি শনিবার মোহরা ওয়ার্ড কার্যালয়ে
সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শনিবার, বিকেল ৩ টায় নগরীর ৫নং মোহরা ওয়ার্ড কার্যালয়ে (ওয়াসা গলি) সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত হবে। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা